

# বৃত্তি শিক্ষা বাধ্যতামূলক হবে : শাহ আজিজ

33

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন, দেশের প্রাথমিক ও মাধ্যমিক স্কুলসমূহে বৃত্তি শিক্ষা বাধ্যতামূলক করা হবে।

বাসসর খবরে বলা হয়, গতকল্য সিন্ধেশ্বরী মহিলা মহাবিদ্যালয়ের বর্ধনিক বিজ্ঞানভবন উদ্বোধন কালে তিনি একথা বলেন।

তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিক যুগের চাহিদা পূরণে সরকার কারিগরি এবং বৃত্তি শিক্ষার উপর জোর দিয়েছেন।

শাহ আজিজুর রহমান বলেন, প্রতি জেলা ও মহকুমা সদর দফতরে একটি করে সরকারী মহিলা কলেজ প্রতিষ্ঠার সিদ্ধান্ত শিক্ষা দফতর পর্যায়ক্রমে কার্যকর করছে।

সরকার মহিলাদের মধ্যে শিক্ষা বিস্তারে আগ্রহী বলে তিনি জানান। প্রাথমিক বিদ্যালয়গুলোতে আধা-আধি মহিলা শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত ও ধীরে ধীরে কার্যকর করা হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক সংকট মোচন তিনি স্বচছল ব্যক্তিদের প্রতি অর্থ সাহায্যদানের আহ্বান জানান।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গবর্নর বডি'র প্রবীণ সদস্য জনাব মুর মোহাম্মদ খান।

প্রধানমন্ত্রী সকালে পাকিস্তানের শিক্ষামন্ত্রী

সফররত পাকিস্তানী শিক্ষামন্ত্রী জনাব মোহাম্মদ আলী খান গতকাল সকালে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন।

তারা গত বছরে স্বাক্ষরিত সাংস্কৃতিক সহযোগিতা চুক্তির অগ্রগতি পর্যালোচনা করেন।